# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৪৪৯

১২. কিতাবুস সিয়াম (كتاب الصوم)

পরিচ্ছেদঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বক্তব্য “তবে তোমরা ৩০ দিন সিয়াম রাখবে”এর দ্বারা উদ্দেশ্য হলো যদি তোমরা নতুন চাঁদ দেখতে না পাও

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ قَوْلَهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (فَصُومُوا ثَلَاثِين) أَرَادَ بِهِ إِنْ لَمْ تروا الهلال

আরবী

3449 ـ أَخْبَرَنَا الْحُسَيْنُ بْنُ إِدْرِيسَ الْأَنْصَارِيُّ قَالَ: حَدَّثَنَا عُثْمَانُ بْنُ أَبِي شَيْبَةَ قَالَ: حَدَّثَنَا جَرِيرٌ عَنْ مَنْصُورٍ عَنْ رِبْعِيِّ بْنِ حِرَاشٍ: عَنْ حُذَيْفَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (لَا تَقَدَّمُوا الشَّهْرَ حَتَّى تَرَوَا الْهِلَالَ أَوْ تُكْمِلُوا الْعِدَّةَ ثُمَّ صُومُوا حَتَّى تروا الهلال أو تكملوا العدة)

صحيح – ((صحيح أبي داود)) (2015).

বাংলা

৩৪৪৯. হুযাইফা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “কোন মাস আগ বাড়িয়ে শুরু করবে না, যতক্ষণ না তোমরা নতুন চাঁদ দেখেছো, অথবা (৩০ সংখ্যা) পূর্ণ করেছো তারপর তোমরা সিয়াম রাখতে থাকবে, যতক্ষণ না তোমরা নতুন চাঁদ দেখেছো, অথবা (৩০ সংখ্যা) পূর্ণ করেছো।”[1]

ফুটনোট

[1] নাসাঈ: ৪/১৩৫; আবূ দাঊদ: ২৩৩৭; সহীহ ইবনু খুযাইমাহ: ১৯১১; বাযযার: ৯৬৯; সুনান বাইহাকী: ৪/২০৮; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৭৩৩৭; নাসাঈ: ৪/১৩৫-১৩৬; দারাকুতনী: ২/১৬১-১৬২।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ২০১৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ হুযায়ফাহ ইবন আল-ইয়ামান (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92783

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন